

নং-৪৬.১০.০০০০.০০৫.৪৫.৩৪৭.১৮. ← ০২৭

তারিখ: ২৭ পৌষ ১৪২৫
২৭ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ।


যেহেতু আপনি জনাব মোঃ আব্দুস সালাম, গাড়ী চালক (ভারী) হিসেবে পরিবহন বিভাগে কর্মরত আছেন এবং পরিবহন বিভাগাধীন বর্জ্যবাহী গাড়ী পরী-১০৩৭এর চালনার দায়িত্বে নিয়োজিত আছেন। গাড়ীটি গত ২৪/০৮/২০১৮ খ্রিঃ তারিখ রাত আনুমানিক ৩:৩০ ঘটিকায় মাজার রোডে বাসের ধাক্কায় দুর্ঘটনায় পতিত হয়। দুর্ঘটনার কারণে গাড়ীর কেবিনের পাশের দরজা সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং সামনের উইন্ডশীল্ড গ্লাস ফেটে যায়। গাড়ীটি চালানোর ক্ষেত্রে চালক হিসেবে আপনি যথেষ্ট সতর্ক ছিলেন না।

এছাড়াও পরিবহন জেনারেল ম্যানেজার এবং ম্যানেজার কেউই যথাসময় দুর্ঘটনার ভয়াবহতা সম্পর্কে জানতে পারেননি। আপনি দুর্ঘটনার প্রকৃত ঘটনা লুকানোর চেষ্টা করেছেন এবং কর্তৃপক্ষকে অবহিত না করে গাড়ীটির বাম পাশের দরজার গ্লাস, লুকিং গ্লাস, ডান পাশের দরজার গ্লাস, স্বচ্ছ প্লাস্টিকের সীট দিয়ে পরিবর্তন করেছেন যা দুর্ঘটনার প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে। আলোচ্য দুর্ঘটনার বিষয়ে দাতা সংস্থা জাইকা গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

আপনার এহেন কর্মকান্ড ঢাকা পৌর কর্পোরেশন চাকুরী বিধিমালা ১৯৮৯ এর ৩৯ (ক) (খ) ও (ঘ) উপ-ধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতার শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

এ অবস্থায়, দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতার অভিযোগে আপনার বিরুদ্ধে কেন ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ এর ৩৯(ক) (খ) ও (ঘ) উপধারা মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা এ নোটিশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে জানাতে নির্দেশ দেয়া হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে চাকুরী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নোটিশ জারি করা হলো।


২৭/১২/২০১৮

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)

সচিব

ফোন-৮৮৩৪৯৩০

ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

জনাব মোঃ আব্দুস সালাম
গাড়ী চালক (ভারী)
পরিবহন বিভাগ
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহা-ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫। অফিস কপি।